রোডপীস (পথশান্তি)

তথ্য

হেল্পলাইন: **0845 4500 355**

দুর্ঘটনার শিকারদের সহায়তা করা   পথের বিপদ কমানো

LOTTERY FUNDED

শেক্সপীয়ার বিজনেস সেন্টার
245a কোল্ডহারবার লেন
লন্ডন DW9 8RR
info@roadpeace.org
www.roadpeace.org

পথে মৃত্যুর তদন্ত - একটা সংক্ষিপ্তসার

আপনার ক্ষতির জন্য আমরা অত্যন্ত দুঃখিত। বহু দিন ধরেই কেউ না কেউ লন্ডনের পথ সংঘর্ষে মারা যান। এই সংক্ষিপ্তসারের উদ্দেশ্য হল প্রিয়জন হারানো পরিবারদের লন্ডনে পথ-মৃত্যু তদন্তের অন্তগর্ত মূল পদক্ষেপগুলিকে বোঝানোর ব্যাপারে নিশ্চিত করা।

প্রত্যেক পরিবারেরই ব্যক্তিগত চাহিদা এবং প্রত্যাশা আছে। কিছু সংখ্যক ব্যক্তি প্রচুর তথ্য জানতে চান, এবং অন্যরা কিছুই জানতে চান না। কোন ঠিক অথবা ভুল বলে কিছু নেই, কিন্তু তথ্য সরবরাহের আগে পরিবারটি পুলিশকে প্রশ্ন করার জন্য অপেক্ষা করতে বলতে পারে।

কারা কারা এই তদন্তে থাকেন

সিনিয়র ইনভেস্টিগেটিং অফিসার (বরিষ্ঠ তদন্ত আধিকারিক) সামগ্রিক তদন্তের দায়িত্বে থাকেন এবং তিনিই সিদ্ধান্ত গ্রহণ করেন।
কলিশন ইনভেস্টিগেটর (সংঘর্ষ-তদন্তকারী) সংঘর্ষ পুনর্গঠনের জন্য দায়িত্বপ্রাপ্ত, যার মধ্যে আছে সংঘর্ষের সময়ের গতির হার নির্ণয় করা এবং সিপিএসের (CPS) এবং করোনারের (দুর্ঘটনাজনিত মৃত্যুর কারণ অনুসন্ধানকারী সরকারী কর্মচারী) জন্য সংঘর্ষ-তদন্তের রিপোর্ট তৈরী করা।
যানবাহন পরীক্ষক সংঘর্ষের সময়ে গাড়ীটির অবস্থা কি রকম ছিল তা নির্ণয় করবেন এবং সেই অবস্থাটি সংঘর্ষ অথবা মৃত্যুর জন্য দায়ী কি না তা নির্ণয় করবেন।

ফ্যামিলি লিয়েজঁ অফিসার (FLO) পরিবারকে তদন্তের গতি প্রকৃতি সম্বন্ধে অবহিত করার দায়িত্বপ্রাপ্ত। তাদের কাছে প্রত্যাশিত যে, তারা একটা লগ রাখবেন এবং পরিবারের কাছ থেকে যে কোন বিষয় তারা জানতে পারবেন তা তারা রিপোর্ট করে রাখবেন।

করোনারের আধিকারিক হলেন করোনারের অফিসের সঙ্গে আপনার যোগাযোগ রক্ষাকারী। যদি একটা ইনকোয়েস্টের (বিচার সম্বন্ধীয় অনুসন্ধানের) প্রয়োজন হয়, তাহলে পুলিশ করোনারের কাছে সংঘর্ষ-তদন্তের রিপোর্ট পাঠিয়ে দেবেন। আমাদের *লন্ডনে পথ মৃত্যুর পরের ইনকোয়েস্ট* দেখুন।

ক্রিমিনাল প্রসিকিউসন সার্ভিস (CPS) হল ঘটনায় কোন ফৌজদারী মামলা আছে কি না তা নির্ধারণ করার দায়িত্বপ্রাপ্ত সংস্থা।

প্রিয়জন হারানো পরিবারের অধিকারসমূহ

আপনার অধিকার আছে :

- দুর্ঘটনায় জড়িত চালকের(দের) নাম এবং তাদের মোটর বিমার বিস্তারিত বিবরণ জানার।
- সংঘর্ষ- তদন্তের গতি প্রকৃতির পরিস্থিতির সম্বন্ধে জ্ঞাত থাকা।
- সিপিএসের সঙ্গে সাক্ষাত করা যেখানে তারা সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারটা ব্যাখ্যা করে দেবেন।

আপনি পুলিশকেও বলতে চাইতে পারেন:

- সংঘর্ষের জায়গায় আপনাকে সুরক্ষা দিয়ে নিয়ে যেতে। তারা আপনাকে পরিস্থিতির ব্যাপারে যা জানা গেছে তা ব্যাখ্যা করতে পারেন এবং আপনি চাইলে সেখানে ফুল অথবা ধাতু ফলক রাখার জন্য আপনাকে অনুমতি দিতে পারেন।
- যে কোন ইনকোয়েস্টের (বিচার সম্বন্ধীয় অনুসন্ধানের)আগে আপনার সঙ্গে মিলতে এবং ছবি ও বিবৃতি সমেত সাক্ষ্য প্রমাণাদি আপনাকে দেখাতে পারেন।
- যে কোন মুখ্য ঘটনা আপনাকে লিখিত ভাবে জানাতে পারেন যেমন, কোন সময়ে তারা চালককে জিজ্ঞাসাবাদ করবেন অথবা কখন তারা সিপিএসের কাছে ফাইলটা পাঠাবেন, যার মধ্যে কোন অভিযোগ করার পরামর্শ থাকতে পারে।
- গুরুত্বপূর্ণ কোন তথ্য লিখিত ভাবে রাখতে পারেন। স্বজন হারানো পরিবারেরা তদন্তের গতি প্রকৃতির একটা নথিও রাখতে চাইতে পারেন এবং পুলিশের সঙ্গে, করোনারের আধিকারিক, উকিল, সিপিএস প্রভৃতির সঙ্গে সাক্ষাৎকারের একটা লগও রাখতে চাইতে পারেন।

জিজ্ঞাসা করার জন্য মুখ্য বিষয়গুলির মধ্যে থাকবে :

দুর্ঘটনা দৃশ্যের তদন্ত

- কোন স্থানে ঘটনার প্রভাব পড়েছিল এবং কি ভাবে তারা সেটাকে নির্ধারণ করেছিলেন।
- দূর্ঘটনায় জড়িত গাড়ির গতির মূল্যায়ন এবং কিভাবে তা নির্ণয় করা হয়েছিল।
- কিভাবে স্থানীয় ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা(ট্রাফিক সংকেতগুলি, চিহ্নগুলি এবং আলোর ব্যবস্থাগুলি) কি অবস্থায় ছিল এবং সেগুলি সংঘর্ষের ব্যাপারে কোন রকমের দায়ী ছিল কি না তা পরীক্ষা করে দেখা।
- চালকের(দের) ওপর কি কি পরীক্ষা করা হয়েছিল যার মধ্যে অ্যালকোহলের কারণে শ্বাস প্রশ্বাসের পরীক্ষাও আছে।

দুর্ঘটনা স্থানের তদন্ত

- সাম্প্রতিক বছরগুলিতে সংঘর্ষের স্থানে কতগুলি এবং কি কি প্রকারের সংঘর্ষ হয়েছিল।
- দুর্ঘটনা স্থানে রাস্তার রক্ষণাবেক্ষণের নথি।
- গতি, দৃশ্যমানতা প্রভৃতি সম্বন্ধে যে কোন ধরণের স্থানীয় দুশ্চিন্তা।
- যে কোন ট্রাফিক সংকেত, রাস্তার অবস্থান, অথবা প্রযুক্তির বিষয়গুলি।

যানবাহন পরীক্ষা

- গাড়ির অবস্থাটি কোন ভাবে সংঘর্ষ অথবা মৃত্যুর কারণ হয়েছিল কি না।
- যদি সংঘর্ষের মধ্যে একটা বড় মালগাড়ি পতিত হয়েছিল তাহলে সেখানে কি কোন ব্লাইন্ড স্পট ছিল?

সাক্ষী চিহ্নিতকরণ এবং সাক্ষাৎকার

- কিভাবে সাক্ষীদের চিহ্নিত করা হয়েছিল।
- তথ্য এবং সাক্ষ্যের জন্য আপনি কোন ভাবে স্থানীয় প্রচার মাধ্যমের দ্বারা আপীল করে সাহায্য করতে পারেন কি না।

চালকের সম্বন্ধে তদন্ত (অন্যান্য সাক্ষীদের পরে চালকের সাক্ষাৎকার নেওয়া হবে)

- কোন মদ্যপান অথবা মাদক ব্যবহারের এবং দৃষ্টিশক্তির পরীক্ষার ফলাফল।
- অন্য চালকের বিমার বিবরণগুলি।
- চালকের মোবাইল ফোন সেই সময়ে ব্যবহার করা হচ্ছিল কি তা পরীক্ষা করে দেখে নেওয়া হয়েছিল কি?

ফৌজদারী মামলা

- পুলিশ কি ফাইলটি সিপিএস(CPS)-এর কাছে পাঠানোর সময়ে কোন অভিযোগের পরামর্শ দিয়েছিল?
- কোন ফোজদারী অভিযোগ, যদি থাকে, সিপিএস চালককে অভিযুক্ত করার সময় ব্যবহার করবেন। এগুলি কিন্তু জন স্বার্থে এবং যথেষ্ট সাক্ষ্যগুলির পরীক্ষার পরেই পাস করাতে হবে। এসব আপনাকে পাঠানো চিঠিতে পরিষ্কার ভাবে ব্যাখ্যা করে দেওয়া উচিত।
- এই এফএলও(FLO) সিপিএসের সিদ্ধান্ত পরিবারটিকে জানিয়ে দেবেন কিন্তু পরিবারটিকেও একটা বৈঠকে আমন্ত্রিত করা হবে যেখানে সিপিএস তাদের অভিযোগ করার সিদ্ধান্তটি ব্যাখ্যা করে দেবেন..

শিক্ষণের পাঠ্যগুলিকে নিশ্চিত করা

পুলিশী তদন্ত শেষ হওয়ার পরে, আপনার প্রশ্ন করার সুযোগ থাকবেই :

- এফএলও এবং এসআইও এর সঙ্গে একটা চুড়ান্ত বৈঠক, যেখানে যে কোন ভাল অভ্যাস অথবা যে সব জায়গায় পরিষেবার উন্নতি করা যায় সে সকল ব্যাপারে আলোচনা করা।
- বিনা মূল্যে অথবা সামান্য খরচে তদন্ত রিপোর্টের একটা কপি।
- ভবিষ্যতে একই ধরণের সংঘর্ষ অথবা ঝুঁকি কমানোর জন্য কি শিক্ষা নেওয়া গেছে।
- পথ-সংঘর্ষের ঝুঁকির ব্যাপারে সজাগতা জাগানোর জন্য আপনি কি ভাবে পুলিশ অথবা স্থানীয় আধিকারিকদের সাহায্য করতে পারেন।